যুগান্তর

১৬/৯/২০০০

তারিখ ...
পৃষ্ঠা ১০ কলাম ২

# কৃষি বিশ্ববিদ্যালয়ে আজ ছাত্রদলের ধর্মঘট
## সংঘাত এড়াতে পুলিশ মোতায়েন

বাকৃবি প্রতিনিধি

ছাত্রদল বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শাখা আজ রোববার ক্যাম্পাসে ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে। গতকাল শনিবার ছিল বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে ছাত্রদলের বেঁধে দেয়া আলটিমেটামের শেষ দিন। বিশ্ববিদ্যালয় প্রশাসন ছাত্রদলের দাবিগুলো মেনে না নেয়ায় তারা ধর্মঘটের সিদ্ধান্ত নিয়েছে। গতকাল দুপুরে ছাত্রদল ধর্মঘটের সমর্থনে একটি মিছিল বের করে। মিছিলটি কড়া পুলিশ পাহারায় ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে লাইব্রেরি সংলগ্ন আমতলায় এসে সমাবেশে মিলিত হয়। সমাবেশে বক্তারা বলেন, এই প্রশাসনকে অনেক সুযোগ দেয়া হয়েছে, আর নয়। আজকের ধর্মঘটে বাধা দিলে সমুচিত জবাব দেয়া হবে। আমাদের নয়জন নেতাকর্মীর বহিষ্কারাদেশ অবিলম্বে প্রত্যাহার করতে হবে; নইলে অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় অচল করে দেয়া হবে। ছাত্রদলের সাধারণ সম্পাদক শাহাদাত হোসেন বিপ্লবের পরিচালনায় সমাবেশে বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত সভাপতি শফিকুল ইসলাম শফিক, সহ-সভাপতি আনিসুজ্জামান আনিস, যুগ্ম সম্পাদক গিয়াসউদ্দিন জসিম প্রমুখ। ধর্মঘটের সমর্থনে গতকাল সন্ধ্যায় ক্যাম্পাসে ছাত্রদল একটি মিছিল বের করে। কিন্তু ছাত্রলীগ মিছিলকে ধাওয়া করলে মিছিলটি ছত্রভঙ্গ হয়ে যায়। এ নিয়ে ক্যাম্পাসে টানটান উত্তেজনা বিরাজ করছে। সংঘাত এড়াতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

### কৃষি অর্থনীতি অনুষদে ক্লাস ২০ সেপ্টেম্বর

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের বিএসসি ইকন (অনার্স) তৃতীয় পর্বের ক্লাস আগামী ২০ সেপ্টেম্বর বৃহস্পতিবার থেকে অনুষদীয় শ্রেণী কক্ষে শুরু হবে। কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান অনুষদের ডিন,প্রফেসর ড. ডব্লিউএমএইচ জাইম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে ছাত্রছাত্রীদের ক্লাসে যোগদানের নির্দেশ দিয়েছেন।